

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৫৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ নূন্যতম সংখ্যার উপর ভিত্তি করে যে ব্যক্তি সালাতকে পূর্ণতা দান করেছে, তার জন্য জরুরী হলো সালামের আগে দুটো সাহু সাজদা দিবে; পরে নয়- আমাদের এই কথার বিশুদ্ধতার ব্যাপারে স্পষ্ট হাদীস

ذِكْرُ الْخَبَرِ الْمُصَرِّحِ بِصِحَّةِ مَا قُلْنَا: إِنَّ الْبَانِيَ عَلَى الْأَقَلِّ فِي صَلَاتِهِ يَجِبُ أَنْ يَسْجُدَ سَجْدَتَي السَّهْوِ قَبْلَ السَّلَام لَا بَعْدُ

আরবী

2658 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْعُزِيزِ بْنُ مُحَمَّدٍ قَالَ: حَدَّثِنِي زَيْدُ بْنُ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا صَلَّى أَحَدُكُمْ فَلَمْ يَدْرِ ثَلَاثًا صَلَّى أَمْ أَرْبَعًا فَلْيُصِلِّ رَكْعَةً وَلْيَسْجُدْ سَجْدَتَيْنِ قَبْلَ السَّلَامِ فَإِنْ كَانَتْ رَابِعَةً فَالسَّجْدَتَانِ تَرْغِيمًا للشيطان وإن كانت خامسة شفعتها السجدتان)

الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2653 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (942): م

قَالَ أَبُو حَاتِمٍ: وَهِمَ فِي هَذَا الْإِسْنَادِ الدَّرَاوَرْدِيُّ حَيْثُ قَالَ: عَنِ ابْنِ عَبَّاسٍ وَإِنَّمَا هُوَ عَنْ أَبُو حَاتِمٍ: وَهِمَ فِي هَذَا الْإِسْنَادِ الدَّرَاوَرْدِيُّ حَيْثُ قَالَ: عَنِ ابْنِ عَبَّاسٍ وَإِنَّمَا هُوَ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ وَكَانَ إِسْحَاقُ يُحَدِّثُ مِنْ حِفْظِهِ كَثِيرًا فَلَعَلَّهُ مِنْ وَهُمِهِ أيضا.

বাংলা

২৬৫৮. আবূ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন তোমাদের কেউ সালাত আদায় করে, অতঃপর সে জানতে পারে না যে, সে তিন রাকা'আত নাকি চার রাকা'আত সালাত আদায় করেছে, তবে সে যেন আরেক রাকা'আত সালাত আদায় করে এবং সালাম ফেরানোর আগে দুটি সাহু সাজদা করে। যদি আদতে সেটি চতুর্থ রাকা'আত হয়, তবে সাজদা দুটি শয়তানের জন্য 'অবমাননাকারী' হিসেবে পরিগণিত হবে। আর যদি সেটি পঞ্চম রাকা'আত হয়, তবে সাজদা দুটি সালাতে



জোড় সংখ্যায় পরিণত করবে।"[1]

আবৃ হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসের সানাদের ব্যাপারে দারাওয়ারদী ভুল করেছেন। তিনি হাদীসটি আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেছেন অথচ এটি আবৃ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। আর ইসহাক বহুলাংশে মুখস্ত হাদীস বর্ণনা করতেন। সম্ভবত এই হাদীসটিও তার ভুলের অন্তর্ভুক্ত।"

ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/৯৫; আবূ দাউদ: ১০২৬; তাহাবী: ১/৪৩৩; সুনান বাইহাকী: ২/৩৩১; বাগাবী: ৭৫৪; মুসনাদ আহমাদ: ৩/৭২; দারেমী: ১/৩৫১; সহীহ মুসলিম: ৫৭১; নাসাঈ: ৩/২৭; আবূ আওয়ানা: ২/১৯৩; ইবনুল জারূদ: ২৪১; দারাকুতনী: ১/৩৭৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৯৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন